আমলাতন্ত্র কি ? এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো :-

শাসন বিভাগের দুটি অংশ থাকে। একটি রাজনৈতিক অংশ এবং অন্যটি অ-রাজনৈতিক অংশ। আমলাতন্ত্র হলো শাসন বিভাগের অ-রাজনৈতিক অংশভুক্ত। ইংরেজি শব্দ burucracy প্রতিশব্দ হলো 'আমলাতন্ত্র'। ফরাসি শব্দ 'buru 'থেকে burucracy উদ্ভব ঘটে।

সুতরাং আমলাতন্ত্র বলতে ডেস্ক গভর্নমেন্ট বা টেবিলে বসে পরিচালিত সরকার কে বোঝায়। ফুরোপ- এর মতে, আমলাতন্ত্র হলো নিয়মিত সরকারী কর্মচারী যারা মানসিকভাবে নিরপেক্ষ।জি. এ. ভিগ –এর মতে, আমলাতন্ত্র হলো অযথা কালক্ষেপণকারী,অপচয়ী, আনুষ্ঠানিকতা সর্বস্ব, স্বেচ্ছাচারী মনোভাবাপন্ন এবং কঠোর নিয়মানুবর্তিতার প্রতীক। এনসাইক্লোপেডিয়া ব্রিটানিকায় আমলাতন্ত্র বলতে এমন একটি ব্যবস্থাকে বোঝানো হয়েছে, যেখানে বিভিন্ন দপ্তরের হাতে প্রশাসনিক ক্ষমতা কেন্দ্রীভূত থাকে। সরকারী কর্মচারীগণ রাষ্ট্রের এক্তিয়ার বহির্ভূত বিষয়ে হস্তক্ষেপ করে। অ্যালমন্ড ও পাওয়েল এর মতে, আমলাতন্ত্র হলো এমন একটি ব্যাপক সংগঠন যার মাধ্যমে শাসক এবং বিধি -প্রণয়নকারীগণ নিজেদের সিদ্ধান্ত প্রয়োগ করেন।

শাসন বিভাগের অরাজনৈতিক অংশ হিসেবে আমলাতন্ত্রের কতকগুলি বৈশিষ্ট্য আছে :-

(1) আমলাতন্ত্র শাসনবিভাগের কার্যাবলী পরিচালনার ক্ষেত্রে নিরবচ্ছিন্নতা বজায় রাখে। নির্দিষ্ট সময়ের পর রাজনৈতিক পদাধিকারীদের পরিবর্তন ঘটে। কিন্তু এই পরিবর্তনের মধ্যেও আমলাতন্ত্র প্রশাসনিক নিরবচ্ছিন্নতা বজায় রাখে।

(2) আমলাতন্ত্র কঠোর নিয়মানুবর্তিতার দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে। বিপুল পরিমাণে দায়িত্ব পালন করতে হয় বলেই নিয়মানুবর্তিতার প্রতি গুরুত্ব আরোপ করা ছাড়া বিকল্প থাকে না।

(3) আমলাতন্ত্রের একটি বৈশিষ্ট্যরূপে এর রাজনৈতিক নিরপেক্ষতার বিষয় উল্লেখ করা হয়। শাসনবিভাগের রাজনৈতিক অংশের পরিবর্তন সত্ত্বেও আমলাগন সকল রাজনৈতিক বিবেচনার ঊর্ধ্বে থেকে সমভাবে

রাজনৈতিক পদাধিকারীদের নির্দেশ পালন করেন। তবে মার্কসবাদীগণ নিরপেক্ষতার ধারণাকে প্রত্যাখ্যান করেন।

(4) আমলাতন্ত্রের একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল দীর্ঘসূত্রতা বা অযথা কালক্ষেপ। একটি টেবিল থেকে অন্য টেবিলে কোন একটি বিষয় পাঠাতে দীর্ঘ সময় ব্যয় হয়। সরকারি ফাইল অথবা প্রয়োজনীয় দলিল- দস্তাবেজ লাল ফিতা দিয়ে বাঁধা হয় এবং দীর্ঘকাল পরে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় বলে আমলাতন্ত্রকে ' লালফিতার ' বাঁধন নামে উল্লেখ করা হয়।

(5) আমলাতন্ত্র একমাত্র শাসন বিভাগের রাজনৈতিক পদাধিকারীদের কাছে দায়িত্বশীল থাকে। জনসাধারণের নিকট আমলারা দায়বদ্ধ নয়। বরং জনসাধারণের দাবি সম্পর্কে তাদের মধ্যে উদাসীন মনোভাব পরিলক্ষিত হয়।

(6) আমলাতন্ত্র অহংবোধ এবং আত্মম্ভরিতার দ্বারা প্রভাবিত হয়। আমলাগণ অন্যদের, এমনকি রাজনৈতিক প্রশাসকদের তুলনায় নিজেদের অনেক গুণ ও নৈপুণ্যের অধিকারী বলে গণ্য করেন।এই আত্মসচেতনতা আমলাতন্ত্রের একটি মারাত্মক ব্যাধিতে পরিণত হয়েছে।

(7) আমলাতন্ত্রের একটি অন্যতম বৈশিষ্ট্য হলো তার কার্যপরিধির সীমাবদ্ধতা।আইন এবং বিধি -নির্ধারিত একটি সীমার মধ্যেই আমলাদের নিজ নিজ দায়িত্ব পালন করতে হয়।

(8) আমলাদের নিয়োগের পদ্ধতি প্রশাসনের রাজনৈতিক পদাধিকারীদের তুলনায় স্বতন্ত্র। সাধারণভাবে বিশেষীকৃত জ্ঞানের অধিকারীদের এবং প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমেই আমলাদের বাছাই করা হয়।

(9) আমলাতন্ত্র অপ্রকাশ্যে থেকে কার্য পরিচালনা করে।অমলাগণ সরকারের নীতি -প্রণয়ন, নীতি প্রয়োগ, তথ্য সরবরাহ সকল ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও তারা সর্বদায় লোকচক্ষুর অন্তরালে থাকেন।

(10) আমলাগণ প্রত্যক্ষভাবে রাজনীতিতে অংশগ্রহণ করেন না এবং রাজনৈতিক দলের সদস্য থাকেন না।

(11) ম্যাক্স হেব্বর আমলাতন্ত্রকে জনকল্যাণের সঙ্গে জড়িত একটি ব্যবস্থা রূপে উল্লেখ করেছেন।

রাষ্ট্রবিজ্ঞানী এবং প্রশাসনিক বিশেষজ্ঞগণ আমলাতন্ত্রকে নানা শ্রেণীতে বিভক্ত করেছেন। অ্যালান বল আমলাতন্ত্রকে উদারনৈতিক গণতান্ত্রিক আমলাতন্ত্র এবং অ- উদারনৈতিক গণতান্ত্রিক আমলাতন্ত্রে বিভক্ত করেছেন। মার্লি ফেনসড আমলাতন্ত্রকে পাঁচটি শ্রেণীতে বিভক্ত করেছেন :-

(1) প্রতিনিধিত্বমূলক আমলাতন্ত্র।
(2) দলীয় -রাষ্ট্রের আমলাতন্ত্র।
(3) সামরিক সরকার-শাসিত আমলাতন্ত্র।
(4) এক-ব্যক্তি- শাসিত আমলাতন্ত্র এবং
(5) আমলা- শাসিত আমলাতন্ত্র।

ফেনসডের মতে, প্রতিনিধিত্বমূলক আমলাতন্ত্র হলো সেই রাজনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য, যেখানে চূড়ান্ত রাজনৈতিক কর্তৃত্ব প্রতিযোগিতামূলক রাজনৈতিক পদ্ধতির দ্বারা নির্ধারিত হয়। এই ধরনের আমলাতন্ত্র দলীয় ব্যবস্থার দ্বারা নিয়ন্ত্রিত। এখানে স্থায়ী এবং সমজাতীয় শাসন প্রতিষ্ঠায় দলীয় ব্যবস্থার ব্যর্থতা আমলাতন্ত্রের গুরুত্ব বৃদ্ধি করে।

এক-দলীয় রাষ্ট্রে কার্যাবলীর পৃথকীকরন এবং কলাকৌশলগত যোগ্যতার অধিকারী আনুষ্ঠানিক আমলাতন্ত্রের উপর দলীয় আমলাতন্ত্র আরোপ করা হয়।অ্যালমন্ড এবং পাওয়েলের মতে ভারত একদলীয় রাষ্ট্র না হওয়া সত্ত্বেও কংগ্রেস দলের একাধিপত্য এই ধরনের প্রবণতা সৃষ্টি করেছে। সম্প্রতিকালে মার্কিন যুক্তরাষ্ট্রে শাসন এবং আইন -বিভাগ তাদের বিশেষজ্ঞদের মাধ্যমে আমলাতন্ত্র কে নিয়ন্ত্রণ করছে। তার

মধ্যেও এই ধরনের আমলাতন্ত্রের প্রকাশ সুস্পষ্ট।

সামরিক সরকার -শাসিত আমলাতন্ত্রে আমলাতান্ত্রিক কাঠামোর একটি অংশ,সামরিক বিভাগের পদস্থ কর্মচারীগণ অসামরিক প্রশাসকদের উপর নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেন। ফেনসডের মতে, সামরিক বিভাগের পদস্থ কর্মচারীদের প্রশিক্ষণ এবং মতাদর্শের ভিত্তিতে এই সকল ব্যবস্থা রক্ষণশীল বা আধুনিক হতে পারে। একব্যক্তি শাসিত আমলাতন্ত্রে স্বয়ং শাসিত কোন শাসক আমলাতন্ত্রের মাধ্যমে নিজের ইচ্ছা আরোপ করেন। আমলা- শাসিত আমলাতন্ত্রে আমলারাই রাজনৈতিক ব্যবস্থায় শাসনের প্রধান উপাদান। তার মতে, কোন কোন ঔপনিবেশিক শাসনে এই ধরনের আমলাতন্ত্রের অস্তিত্ব লক্ষ্য করা যায়। যেখানে আমলারা মূল শাসনকেন্দ্রের ন্যূনতম নির্দেশ পালন করে এবং স্থানীয় অধিবাসীদের উপর কমবেশি পূর্ণ কর্তৃত্ব প্রতিষ্ঠার মাধ্যমে দায়িত্ব সম্পন্ন করে।

Question:

1.What is Burucracy?

2.Discuss different features of Burucracy?